

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫৮০

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৪

এনসিসি'র ৩দিনের উত্তর পূর্বাঞ্চলের দ্বিবার্ষিক গ্রুপ কমান্ডার্স কনফারেন্স  
এনসিসি'র ভারতীয় দর্শন জানার এক বৃহত্তর মঞ্চ : রাজ্যপাল



এনসিসি শুধুমাত্র প্যারেড করার জায়গা বা কোন শিক্ষা প্রতিষ্ঠানের মতো নয়। এনসিসি'র ভারতীয় দর্শন, সংস্কৃতি, ইতিহাস, সংগীত, সভ্যতা সহ অন্যান্য বিষয় সম্পর্কে জানার এক বৃহত্তর মঞ্চ। আজ আগরতলাস্থিত ২১ সেক্টর আসাম রাইফেলস-এ এনসিসি'র ৩দিনের উত্তর পূর্বাঞ্চলের দ্বিবার্ষিক গ্রুপ কমান্ডার্স কনফারেন্স-২০২৪ এর উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু একথা বলেন। আসাম রাইফেলসের কনফারেন্স হলে আয়োজিত এই অনুষ্ঠানে রাজ্যপাল আসাম রাইফেলস'র এডিজি মেজর জেনারেল গগনদ্বীপ এবং গ্রুপ কমান্ডারদের সঙ্গে মতবিনিময় করেন। এডিজি পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের এনসিসি'র ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। এ উপলক্ষে রাজ্যের বিভিন্ন কলেজের এনসিসি'র সদস্য-সদস্যারা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু ভবিষ্যৎ জীবনের স্বপ্ন সফল করতে এনসিসি ক্যাডেটদের প্রতি আহ্বান জানান। এনসিসি'র বিভিন্ন ধরনের প্রশিক্ষণের জন্য রাজ্যপাল এডিজি এবং এনসিসি'র বিভিন্ন পদে আধিকারিকদের ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানে এনসিসি'র উত্তর পূর্বাঞ্চলের অ্যাডিশনাল ডিরেক্টর জেনারেল গগনদ্বীপ স্বাগত বক্তব্য রাখেন। তিনি জানান, রাজ্যে ৯৫টি স্কুল এবং কলেজে বর্তমানে ৫ হাজার ৩০০ এনসিসি ক্যাডেট রয়েছে। এর মধ্যে গার্লস ক্যাডেট ২ হাজার ৫০০ জন। সম্মেলনে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির এনসিসি'র গ্রুপ কমান্ডারগণ অংশ নিয়েছেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*